

অবরোধকারীদের সঙ্গে কথা পুলিশের। শুক্রবার মহিষকুচিতে। -সংবাদচিত্র

# পঞ্চায়েত সদস্যের বাড়ি ভাঙচুর

## গয়না লুটের অভিযোগ তৃণমূলের অঞ্চল সভাপতির বিরুদ্ধে

গৌরহরি দাস

**কোচবিহার, ১০ অক্টোবর :** তৃণমূলের পঞ্চায়েত সদস্যের বাড়ি ভাঙচুর, মারধর সোনার গয়না এবং টাকা লুটপাটের অভিযোগ উঠল দলেরই অঞ্চল সভাপতি এবং অনুগামীদের বিরুদ্ধে। বৃহস্পতিবার রাতে ঘটনাটি ঘটে কোচবিহার-১ ব্লকের মোয়ামারি গ্রাম পঞ্চায়েতে। যা নিয়ে ফের প্রকাশ্যে তৃণমূলে গোষ্ঠীকোন্দল। খবর ছড়াতেই তৃণমূলের অন্দরে ব্যাপক শোরগোল পড়েছে। যদিও অভিযোগকে ভিত্তিহীন বলে দাবি করেছে সেই অঞ্চল সভাপতির গোষ্ঠী।

এই ব্যাপারে তৃণমূলের জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক (হিপ্পি) বলেন, 'বিষয়টি এখনই শুনলাম। খোঁজ নিয়ে দেখব।' তবে তৃণমূলের এই কোন্দল দেখে বিরোধী দলগুলিও দেদার কটাক্ষ করেছে।

কোচবিহার-১ ব্লকের মোয়ামারি অঞ্চলে তৃণমূলের গোষ্ঠীকোন্দল নতুন বিষয় নয়। এই অবস্থায় কিছুদিন আগের একটি মামলাকে কেন্দ্র করে বৃহস্পতিবার মোয়ামারি বাজার এলাকায় একপ্রস্থ গণ্ডগোল হয়। এর



মোয়ামারিতে ভাঙচুর হওয়া সেই বাড়ি। -সংবাদচিত্র

ঘণ্টাখানেক বাদে পঞ্চায়েত সদস্যের বাড়িঘর ভাঙচুর হয়। এ বিষয়ে শুক্রবার কোচবিহার প্রেস ক্লাবে সাংবাদিক বৈঠক করে মোয়ামারি অঞ্চলের তৃণমূলের পঞ্চায়েত সদস্য জোনাব আলি বলেন, 'কিছুদিন আগে আমার নামে একটা মিথ্যা মামলা করা হয়েছিল। আমি বৃহস্পতিবার তার নোটিশ পাই। মামলাকারীর কাছে আমার নামে মামলা করার কারণ জানতে চাই। এই ঘটনাকে কেন্দ্র করে মোয়ামারি বাজার এলাকায় দুইপক্ষের মধ্যে ধাক্কাধাক্কি হয়। এর ঘণ্টাখানেক বাদে তৃণমূলের অঞ্চল সভাপতি নজরুল মিয়াঁ ও প্রধানের স্বামী ও বুথ সভাপতির নেতৃত্বে মোয়ামারি বাজার এলাকা থেকে একটি মিছিল বেরিয়ে সেখান

> তৃণমূলের অঞ্চল সভাপতি নজরুল মিয়াঁ ও প্রধানের স্বামী ও বুথ সভাপতির নেতৃত্বে মোয়ামারি বাজার এলাকা থেকে মিছিল বেরিয়ে আমার বাড়িতে গিয়ে ভাঙচুর চালায়। আমার স্ত্রীকে মারধর করে। গুরুত্বর জখম হয়ে সে হাসপাতালে ভর্তি।
>
> **জোনাব আলি**
> *তৃণমূলের পঞ্চায়েত সদস্য*

থেকে কিমি খানেক দূরে আমার বাড়িতে গিয়ে তারা ভাঙচুর চালায়। আমার স্ত্রীকে মারধর করে। গুরুত্বর জখম অবস্থায় সে হাসপাতালে ভর্তি। ভাঙচুর চালানোর পাশাপাশি তারা আমার বাড়ি থেকে ৫ লক্ষ ৬০ হাজার টাকা, সোনার গয়না ও ঘরের অন্যান্য জিনিসপত্র লুট করেছে। জানানোর প্রায় দেড় ঘণ্টা বাদে পুলিশ সেখানে পৌঁছায়। বিষয়টি আমি দলের জেলা সভাপতি, ব্লক সভাপতি সকলকে জানিয়েছি।'

যদিও তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগকে ভিত্তিহীন বলে দাবি করেন অঞ্চল সভাপতি নজরুল মিয়াঁ। তিনি বলেন, 'ওরা আমাদের বুথ সভাপতিকে মেরেছে। সে কারণে নিজেদের দোষ ঢাকার জন্য নিজেরাই নিজেদের বাড়িঘর ভাঙচুর করে আমাদের নামে মিথ্যা অভিযোগ দিচ্ছে। আমরা কোনও মিছিল বা তার বাড়িঘর ভাঙচুর করিনি।'

যদিও নিজেই নিজেদের বাড়ি ভাঙচুরের তত্ত্ব নিয়ে প্রশ্ন তুলছেন অনেকেই।

এই ব্যাপারে উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ বলেন, 'বিষয়টি আগে জেলা সভাপতিকে জানাক। থানায় এফআইআর করুক। পুলিশ তদন্ত করে ব্যবস্থা নেবে। সে যে-ই হোক। কারণ আইন তো আর কেউ নিজের হাতে তুলে নিতে পারে না।'

# লরির দৌরাত্ম্যে অতিষ্ঠ হয়ে অবরোধ

সায়নদীপ ভট্টাচার্য

**বক্সিরহাট, ১০ অক্টোবর :** বালি-পাথরবোঝাই লরির দৌরাত্ম্য বেড়েছে বক্সিরহাটে। দিনভর বেপরোয়া গতিতে ছুটছে বালিবোঝাই লরি। আর এই লরির ধাক্কায় প্রাণ হারিয়েছে পথচলতি মানুষ। রক্ষা পায়নি গোরু, ছাগল, পথকুকুর। এই পরিস্থিতিতে শুক্রবার সকালে তুফানগঞ্জ-২ ব্লকের শালডাঙ্গা-জোড়াই মোড় রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান স্থানীয় বাসিন্দারা। তাঁদের দাবি, বালি-পাথরবোঝাই লরির বেপরোয়া গতি অবিলম্বে নিয়ন্ত্রণ করতে হবে। একাধিকবার প্রশাসনকে জানিয়েও কার্যকর ব্যবস্থা না হওয়ায় বাধ্য হয়ে তাঁরা পথ অবরোধে শামিল হয়েছেন। পথ অবরোধের খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বক্সিরহাট থানার পুলিশ। বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলে পুলিশ অবরোধ তুলে নিতে বললেও বিক্ষুব্ধরা নিজেদের দাবিতে অনড় থাকেন। শেষপর্যন্ত পুলিশি হস্তক্ষেপে অবরোধ উঠে যায়। তবে আন্দোলনকারীরা জানিয়েছেন, এই সমস্যা সমাধান না হলে তাঁরা আবারও আন্দোলনে নামবেন। ঘণ্টাখানেক ধরে চলা এই অবরোধে যানজটের সৃষ্টি হয়।

এদিন বিক্ষোভকারী গৌতমকুমার অধিকারী বলেন, 'একই চালান দিয়ে দিনে দু'বার বালি-পাথর পরিবহণ চলছে। সময় বাঁচাতে লরিগুলি ছুটছে চোখে দেখা যায় না এমন গতিতে। এতে দুর্ঘটনায় প্রাণ হারিয়েছে গবাদিপশু, আহত হয়েছেন মানুষও। প্রশাসন সব জেনেও চুপ। তাই বাধ্য হয়ে আমরা আন্দোলনে নেমেছি।'

এবিষয়ে মহকুমা ভূমি ও ভূমি রাজস্ব আধিকারিক সুশান্ত সেনগুপ্তের বক্তব্য, 'একই চালানে একাধিকবার বালি-পাথর পরিবহণ বেআইনি। যারা নথিতে কারচুপি করে তাদের

> **ক্ষোভ বক্সিরহাটে**
>
> - লরির ধাক্কায় মৃত্যু হয়েছে পথচলতি মানুষ, রক্ষা পায়নি গোরু, ছাগল, পথকুকুরও
> - গাড়ির গতি কমানোর দাবিতে শুক্রবার শালডাঙ্গা-জোড়াই মোড় সড়ক অবরোধ করেন স্থানীয়রা
> - পুলিশি হস্তক্ষেপে অবরোধ উঠে যায়, তবে সেই রাস্তায় ঘণ্টাখানেক অবরোধের জেরে যানজটের সৃষ্টি হয়

জরিমানা করা হয়।'

প্রায় দু'বছর আগে তুফানগঞ্জ-২ ব্লকের রায়ডাক নদীর তিনটি খাদানের সরকারি লিজের মেয়াদ ফুরিয়েছে। তবু অবৈধভাবে সেখান থেকে বালি-পাথর তোলা অব্যাহত। এখন আলিপুরদুয়ার ও কোচবিহারের অন্য খাদানের চালান ব্যবহার করে চলছে ওই লুট। সম্প্রতি পুলিশ ও মহকুমা ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের তরফে চলা অভিযানের পর এই চালান কারচুপির গোটা বিষয়টি প্রকাশ্যে আসে।

বর্তমানে আলিপুরদুয়ারের কুমারগ্রাম ব্লকের রায়ডাক নদী লাগোয়া হেমাগুড়ি ও কোচবিহার-২ ব্লকের তোর্ষা নদীর খাদানের বালি-পাথর বিক্রির চালান দিয়ে তুফানগঞ্জ-২ ব্লকের রায়ডাক নদীর অবৈধ খাদানগুলি থেকে চলছে বালি-পাথর লুট। এসব বিক্রির বিষয়টি চলে অনলাইনে। খাদান সহ গন্তব্যের ঠিকানা, গাড়ির নম্বর, ঘনফুটের পরিমাণ সবকিছুই চালানে উল্লেখ থাকে। গন্তব্যস্থলের দূরত্ব অনুযায়ী চালানে সময়ের ঘণ্টা বেঁধে দেওয়া হয়। ফলে দূরত্ব যত বেশি, তত বেশি সেই চালানের ব্যবহার। তাই একই চালানে কমপক্ষে দু'বার বালি-পাথর পরিবহণ করতে দিনভর বেপরোয়াভাবে ছুটছে লরিগুলি। ফলে প্রতিনিয়ত ঘটছে দুর্ঘটনা। শুক্রবার সকালে বেপরোয়া লরির ধাক্কায় মৃত্যু হয়েছে পথকুকুরের। এতেই ক্ষিপ্ত হয়ে মহিষকুচি-১ গ্রাম পঞ্চায়েতের মহিষকুচি চৌপথি সংলগ্ন রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখাতে শুরু করেন এলাকাবাসীরা। স্থানীয় তাপস সরকারের কথায়, 'ভোরবেলা হাঁটতে বেরোতে ভয় লাগে। গত বছর এক শিক্ষক প্রাণ হারিয়েছিলেন লরির ধাক্কায়। তার পরেও প্রশাসন নির্বিকার।'

স্থানীয়দের দাবি, এই অনিয়ম রুখতে অবিলম্বে কঠোর অভিযান শুরু করা হোক। রাতের পর রাত ছুটে চলা লরিগুলির গতিতে লাগাম টানা হোক। নাহলে রাস্তাঘাট নয়, মৃত্যুপুরীতে পরিণত হবে গোটা এলাকা।

# টুকরো খবর

## পথ দুর্ঘটনা

**হলদিবাড়ি, ১০ অক্টোবর:** দুর্ঘটনার কবলে পড়ল বাইক, টোটো সহ চারচাকার প্রাইভেট গাড়ি। ঘটনায় আহত হন বাইকচালক, টোটোচালক ও টোটোয় থাকা এক কিশোর। শুক্রবার বিকেল নাগাদ এমন ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায় হলদিবাড়ি-মেখলিগঞ্জ রাজ্য সড়কের নতুন পেট্রোল পাম্প সংলগ্ন এলাকায়। এদিন একটি বাইক হলদিবাড়ি থেকে মেখলিগঞ্জ সড়ক ধরে যাওয়ার পথে হঠাৎ করে পেট্রোল পাম্পে জ্বালানি তেল নেওয়ার জন্য ঢুকিয়ে দেয়। পেছনে থাকা একটি চারচাকার গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে সেই গাড়িতে ধাক্কা মারে। এতে ওই বাইকচালক ছিটকে পড়েন রাস্তায়। উলটো দিকে হলদিবাড়ি থেকে একটি টোটো আচমকা চারচাকা গাড়িটির সামনে চলে আসায় সজোরে ব্রেক কষে রাস্তায় উলটে যায়। আহতদের মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে পাঠানো হয়েছে।

## বৈঠক

**হলদিবাড়ি, ১০ অক্টোবর :** হলদিবাড়িতে এসে দুটি বৈঠক করলেন মাথাভাঙ্গার বিজেপির বিধায়ক সুশীল বর্মন। দেওয়ানগঞ্জ এবং দক্ষিণ বড় হলদিবাড়ির গাংডোবায় বৈঠকের আয়োজন করা হয়। বিধায়ক ছাড়া উপস্থিত ছিলেন বিজেপির জলপাইগুড়ি জেলা সাধারণ সম্পাদক দধিরাম রায়, উত্তর মণ্ডল সভাপতি পীযূষকান্তি রায়, শহর মণ্ডল সভাপতি প্রদীপ সরকার, দক্ষিণ মণ্ডল সভাপতি শংকর বর্মন প্রমুখ।

## জোড়া সভা

**চ্যাংরাবান্ধা ও গোপালপুর, ১০ অক্টোবর :** শুক্রবার চ্যাংরাবান্ধা বাজারে অবস্থিত বিজেপির দলীয় কার্যালয়ে বিজেপি সংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন মাথাভাঙ্গার বিধায়ক সুশীল বর্মন, জলপাইগুড়ি জেলা বিজেপির সাংগঠনিক সম্পাদক দধিরাম রায় সহ অন্যরা। বৈঠক নিয়ে দধিরাম বলেন, 'সংগঠনকে আগামী ২০২৬-এর বিধানসভা নির্বাচনকে সামনে রেখে কীভাবে এগিয়ে যেতে হবে সেই নিয়েই এদিন বিস্তারিত আলোচনা হয়।'

অন্যদিকে, শুক্রবার মাথাভাঙ্গা-১ ব্লকের গোপালপুর বাজার এলাকায় বিজেপির কর্মী বৈঠক অনুষ্ঠিত হল। উপস্থিত ছিলেন বিজেপির কোচবিহার জেলা সম্পাদক মুরারিকৃষ্ণ রায়, মণ্ডল সভাপতি লক্ষ্মীকান্ত বর্মন, কিষান মোর্চার জেলা সম্পাদক রঞ্জন বর্মন সহ অন্যরা। লক্ষ্মীকান্ত জানান, বিধানসভা নির্বাচনের আগে দলীয় সংগঠনকে আরও শক্তিশালী করতেই এদিনের বৈঠক।

## সফল শিবির

**চ্যাংরাবান্ধা, ১০ অক্টোবর :** চ্যাংরাবান্ধা গ্রাম পঞ্চায়েতের খেতাবেচা এলাকায় নেতাজি এসএসকে ময়দানে শুক্রবার আমাদের পাড়া আমাদের সমাধান ও দুয়ারে সরকার শিবির অনুষ্ঠিত হয়। শিবির ঘিরে সকাল থেকেই ভিড় ছিল মারাত্মক। ভাওয়াইয়া গানের মাধ্যমে সরকারের বিভিন্ন প্রকল্পগুলি সম্বন্ধে প্রচার চালানো হয় শিবিরে। চ্যাংরাবান্ধা গ্রাম পঞ্চায়েত সূত্রে খবর, এদিনের শিবিরে মোট তিনটি বুথের মোট ৪৯৩ জন উপভোক্তা বিভিন্ন বিষয়ের জন্য নাম নথিভুক্ত করেন। যাঁদের মধ্যে পরিযায়ী শ্রমিকদের সংখ্যা ছিল সর্বাধিক। মেখলিগঞ্জের বিডিও অরিন্দম মণ্ডল বলেন, 'শিবির সফলভাবে অনুষ্ঠিত হয়েছে।'

## সাধারণ সভা

**চ্যাংরাবান্ধা, ১০ অক্টোবর :** কয়েক মাস থেকে চ্যাংরাবান্ধা ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশনের মধ্যে শুরু হয়েছে গোষ্ঠীদ্বন্দ্ব। শুক্রবার চ্যাংরাবান্ধা ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশনের এক গোষ্ঠীর সাধারণ সভা হয় চ্যাংরাবান্ধা মিনি বাসস্ট্যান্ডে। সভায় ৬৪ সদস্যের নির্বাচন কমিটি গঠন করা হয়। এবিষয়ে নির্বাচন কমিটির সদস্য সিরাজুল হক বলেন, 'অমরজিৎ রায়কে চেয়ারম্যান করে আমাদের নির্বাচন কমিটি গঠন করা হয়েছে। সমস্ত দুর্নীতিকে সরিয়ে খুব শীঘ্রই আমাদের ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত হবে। সভা থেকে আমরা বর্তমান সম্পাদক আব্দুল সামাদকে বহিষ্কার করেছি।' যদিও আব্দুলের দাবি, 'ট্রাক ওনার্সের বিরুদ্ধে বিভিন্নজনে মামলা করেছেন। আদালতের রায় যদি দুর্নীতি প্রমাণ হয়ে আমাকে ক্ষমতা থেকে সরে যেতে হয় অবশ্যই যাব। কিন্তু কোনও ব্যক্তি বা গোষ্ঠীর কথায় নয়।'

# মেলে না অ্যাম্বুল্যান্স, দুর্ভোগ বলরামপুরে

তুষার দেব

**দেওয়ানহাট, ১০ অক্টোবর :** গোটা এলাকায় একটিমাত্র অ্যাম্বুল্যান্স, তাও আবার দীর্ঘদিন ধরে বিকল। ফলে তুফানগঞ্জ-১ ব্লকের বলরামপুর-১ গ্রাম পঞ্চায়েতের প্রায় ৩০ হাজার মানুষ চরম সমস্যার মধ্যে দিন কাটাচ্ছেন। বিশেষ করে রাতে কেউ অসুস্থ হলে তাঁকে হাসপাতালে নিয়ে যেতে পরিবারের সদস্যদের কার্যত কালঘাম ছোটে। তাই এলাকার অ্যাম্বুল্যান্স পরিষেবা নিয়ে ক্ষোভ সকলের।

অভিযোগ, এবিষয়ে বহুবার প্রশাসনের দুয়ারে দরবার করা হলেও কোনও ইতিবাচক উত্তর মেলেনি। যদিও সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের সদস্য তথা তৃণমূলের বর্তমান অঞ্চল কমিটির সভাপতি কুমার নীরেন্দ্রনারায়ণ এই সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছেন। তাঁর কথায়, 'ওই পুরোনো বিকল অ্যাম্বুল্যান্সটি সংস্কার করতে বহু টাকার প্রয়োজন। যা আমাদের সীমিত তহবিল থেকে দেওয়া সম্ভব নয়। তাই জেলার সাংসদ জগদীশচন্দ্র বর্মা বসুনিয়ার কাছে আমরা নতুন অ্যাম্বুল্যান্সের জন্য লিখিত আবেদন জানিয়েছি। আশা করছি খুব শীঘ্রই সমস্যা মিটবে।'

২০১১ সালে রাজ্যে সরকারের পালাবদলের পর এলাকার তৎকালীন বিধায়ক তথা রাজ্যের প্রাক্তন মন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ তাঁর এলাকা উন্নয়ন তহবিলের টাকায় ওই অ্যাম্বুল্যান্সটি প্রদান করেছিলেন। বলরামপুর-১ গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষই সেটি পরিচালনা করত। তখন থেকে ওই



পড়ে পড়ে নষ্ট হচ্ছে অ্যাম্বুল্যান্স।

এলাকার বাসিন্দারা ছাড়াও পার্শ্ববর্তী বলরামপুর-২ গ্রাম পঞ্চায়েতের মানুষও ওই অ্যাম্বুল্যান্সের সুবিধা পাচ্ছিলেন। নামমাত্র খরচে এলাকার গর্ভবতী মহিলা, অসুস্থ রোগীরা তুফানগঞ্জ কিংবা কোচবিহার শহরের সরকারি ও বেসরকারি হাসপাতালে পৌঁছাতে পারতেন। কিন্তু সেসব এখন অতীত। গোটা বিষয়টি নিয়ে প্রাক্তন বিধায়ক রবীন্দ্রনাথ ঘোষের প্রতিক্রিয়া, 'এলাকাবাসীর সুবিধার্থে ওই অ্যাম্বুল্যান্সটি দিয়েছিলাম। এখন গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ সেটি সংস্কার করে ব্যবহার উপযোগী করে তুলুক। তাহলেই আমার উদ্যোগ সার্থক হবে।'

বর্তমানে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের সামনে পড়ে পড়ে অ্যাম্বুল্যান্সটি নষ্ট হচ্ছে। সর্পসিংরা গ্রামের এক বাসিন্দা দীপঙ্কর দাসের কথায়, 'এখন পরিবারের কেউ অসুস্থ হলে তাঁকে হাসপাতালে নিয়ে যেতে বাইরে থেকে গাড়ি ভাড়া করতে হয়। সুযোগ বুঝে গাড়ির মালিকরাও যথেচ্ছ ভাড়া নেন।' অ্যাম্বুল্যান্স না থাকায় অনেক ক্ষেত্রে এলাকায় রোগীদের প্রাণসংশয়ও দেখা দিয়েছে, এমন উদাহরণও রয়েছে।

স্থানীয় বাসিন্দা জব্বার আলির কথায়, 'রাতে ভাড়া গাড়ি আসতে অনেক দেরি হয়। অসুস্থ রোগীর অবস্থা তাতে আরও শোচনীয় হয়ে পড়ে। তাছাড়া গর্ভবতী মহিলাদের প্রসব বেদনা উঠলে পরিবারের সদস্যদের রীতিমতো নাজেহাল হতে হয়।'

তাই দ্রুত এই সমস্যা থেকে মুক্তি পেতে তাঁর মতোই এলাকার প্রতিমা রায়, যুগল সরকার, দিলীপ দে প্রমুখ প্রশাসনিক পদক্ষেপের দাবি তুলেছেন। গ্রাম পঞ্চায়েতের তরফে ফের একটি অ্যাম্বুল্যান্স পরিষেবা চালু হলে তাঁরা অনেকটা নিশ্চিন্ত হবেন বলে জানান।



পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

একরাশ আনন্দ।। রায়গঞ্জ স্টেশনে ছবিটি তুলেছেন হলদিবাড়ির অনিমেষ রায়।

# মাঝরাতে পুকুরে মৃত্যু সদ্যোজাতের, জলে হাবুডুবু মা

## ধাক্কা দিয়ে ফেলার অভিযোগ

তাপস মালাকার

**নিশিগঞ্জ, ১০ অক্টোবর :** মাত্র ন'দিনের পুত্রসন্তানকে কোলে নিয়ে গভীর রাতে ছুটছেন মা। সোজা পুকুরের দিকে। কিছুক্ষণ পর সেই পুকুর থেকে মিলল সদ্যোজাতের দেহ। বৃহস্পতিবার রাত তিনটে নাগাদ পুকুরে হাবুডুবু অবস্থায় উদ্ধার করা হল সেই বধূকেও। প্রতিবেশীদের জন্য বধূর প্রাণ বাঁচল বটে, কিন্তু প্রাণ গেল নয়দিনের শিশুর। এ নিয়ে শুক্রবার সকাল থেকেই চর্চা- 'নিশিগঞ্জে নিশির ডাক!' পরিবারের সন্দেহ, কেউ বাচ্চা সহ মাকে ধাক্কা দিয়ে পুকুরে ফেলে দিয়েছে। তার জেরেই এই ঘটনা। ঘটনার সত্যতা উদঘাটনে তদন্ত করছে পুলিশ।

শুক্রবার সকাল থেকে নিশিগঞ্জ-১ গ্রাম পঞ্চায়েতের সিটকিবাড়ি গ্রামে এ নিয়ে চাঞ্চল্য ছড়ায়। আঁতুড়ে নাতির পাশে শুয়েছিলেন গৃহবধূর মা জ্যোৎস্না রাজভর। তিনি বলেন, হঠাৎ গভীর রাতে চিৎকারে ঘুম ভেঙে যায়। সবাই বলছে, আমার মেয়ে নাকি পুকুরে পড়ে গিয়েছে। দৌড়ে পুকুরে ঝাঁপিয়ে পড়ে জল থেকে মেয়ের মাথা উঁচু করে ধরি। তারপর আর কিছু মনে নেই। বৃহস্পতিবার রাতে কোলে পুত্রসন্তানকে নিয়ে মেয়ে দৌড় দিল কেন বুঝলাম না। যদিও এই ঘটনার কোনও সারবত্তা নেই বলে মনে করছেন গ্রামবাসীর অধিকাংশ। রহস্যভেদ করতে পুলিশও জিজ্ঞাসাবাদ শুরু করেছে। মনোবিদ ও চিকিৎসকরা মনে করছেন, অন্য রহস্য না থাকলে এক ধরনের গুরুতর মানসিক অসুস্থতার থেকে এই ঘটনা ঘটে থাকতে পারে।



এই পুকুরেই ঘটে দুর্ঘটনা।

এক ছেলে ও এক মেয়ের পর তৃতীয় পুত্রসন্তান হওয়ায় খুশির হাওয়া ছিল রাজভর পরিবারে। প্রতিবেশীরা জানান, ১২ দিনের মাথায় প্রতিবেশীদের মিষ্টিমুখ করানোর কথাও বলেছিল মৃত শিশুর বাবা কার্তিক রাজভর।

ঘটনা প্রসঙ্গে মাথাভাঙ্গার প্রসূতি ও শিশুরোগ বিশেষজ্ঞ বিশ্বজিৎ সাহা জানান, শিশু জন্মের ২ সপ্তাহের মধ্যে এই মনোরোগের ইতিহাস প্রতি ১০০০ জনের মধ্যে ১-২ জনের দেখা দিতে পারে। সন্তান জন্ম দেওয়ার পর হরমোনের আকস্মিক পরিবর্তন ও অতিরিক্ত মানসিক চাপে 'হ্যালুসিনেশন' বা কোনও কণ্ঠ শুনতে পাওয়া গেলেও আসলে সেটা বাস্তবে হয় না। এক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ নেওয়া জরুরি।

চিকিৎসকের এই মত উড়িয়ে দিচ্ছে না পুলিশও। সদ্য সন্তানহারা মা শুক্রবার সকালে বাড়ির উঠোনে কাঁদতে কাঁদতে বলছিলেন, ৯ দিনের পুত্রসন্তান যেন আমাকে নতুন বাড়িতে যেতে বলল। তারপর কীভাবে জলে পড়ে গেলাম জানি না। বাচ্চাটা আর নেই। বাড়িতে যখন কাঁদছে পরিবারের লোক, তখন পাশের পুকুরে নেমে সন্তানকে খুঁজছেন বাবা। কার্তিক বলেন, 'আমরা পাশের ঘরেই ছিলাম। ৯ দিনের সন্তানকে নিয়ে স্ত্রী এই পুকুরপাড় দিয়েই ঘুমের ঘোরে হাঁটছিল। কেউ ধাক্কা দিল বলে মনে করছেন স্ত্রী।'

খবর পেয়ে সকালে গ্রামে আসে নিশিগঞ্জ ফাঁড়ির পুলিশ ও দমকলকর্মীরা। পরে পুকুর থেকে উদ্ধার হয় শিশুটির নিথর দেহ। মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা জানান, শিশুটি আগেই মারা গিয়েছে। পুলিশ গোটা ঘটনার তদন্তের আগে সিদ্ধান্তে আসতে নারাজ। ময়নাতদন্তের রিপোর্ট এক্ষেত্রে গুরুত্বপূর্ণ হাতিয়ার।

## বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস

**মালদা, ১০ অক্টোবর :** নতুন জামাকাপড় পেয়ে হাসিতে ভরে উঠল নিলু-শীলাদের মুখ। চকোলেট সহযোগে সারা হল বিজয়ার মিষ্টিমুখও। কয়েক ঘণ্টার জন্য হলেও চার দেওয়ালের বন্দি জীবন থেকে এ যেন খানিকটা আলাদা দিন। বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবসে সেই আনন্দ একে অপরের সঙ্গে ভাগ করে নিলেন মালদা মেডিকেলের মনোরোগ বিভাগে চিকিৎসাধীনরা। শুক্রবার দুপুরে মালদা মেডিকেলের মনোরোগ বিভাগে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালন করা হয়। রোগীদের হাতে নতুন জামাকাপড় তুলে দেওয়া হয়।

## খাবার বিলি

**বক্সিরহাট, ১০ অক্টোবর :** সমাজসেবামূলক উদ্যোগে অনন্য উদাহরণ পুলিশের নিক্ষয় মিত্র প্রকল্প। শুক্রবার বক্সিরহাট ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের দুজন টিবি আক্রান্তের হাতে পুষ্টিকর খাবার তুলে দিল বক্সিরহাট থানার পুলিশ। আগামী দু'মাস ধারাবাহিকভাবে এই সহায়তা অব্যাহত থাকবে বলে পুলিশ জানিয়েছে।

# চিলাহাটি সীমান্তে রেলগেট, আশায় বাণিজ্যমহল

অমিতকুমার রায়

**হলদিবাড়ি, ১০ অক্টোবর :** চিলাহাটি স্থলবন্দর ঘিরে নতুন আশায় ভারত-বাংলাদেশের বাণিজ্যমহল। চিলাহাটি সীমান্তে রেললাইনের ওপর সুদৃশ্য রেলগেট তৈরি করছে বাংলাদেশের রেলমন্ত্রণালয়। যা দেখে নতুন করে এই পথে বাণিজ্য চালুর সম্ভাবনায় বুঁদ সাধারণ মানুষ থেকে ব্যবসায়ীরা।

৫৭ বছরের বিরতির পর ২০২১ সালে হলদিবাড়ি-চিলাহাটি রুটে শুরু হয়েছিল আন্তর্দেশীয় ট্রেন পরিষেবা। তবে দেড় বছর আগে সেই পরিষেবা ফের বন্ধ হয়ে পড়ে। সম্প্রতি বাংলাদেশের নৌপরিবহণ মন্ত্রণালয় চিলাহাটি স্থলবন্দরকে অলাভজনক বন্দর আখ্যায়িত করে বন্ধ করার ব্যাপারে জানায়। কিন্তু এরই মাঝে যেন নতুন আশা।



বাংলাদেশ রেলমন্ত্রণালয়ের তরফে এই রেলগেট তৈরি হচ্ছে। এ নিয়ে চর্চা।

জানা গিয়েছে, হলদিবাড়ি-চিলাহাটি রুটে রেললাইন পাতার সময় হলদিবাড়ি ব্লকের খালপাড়া সীমান্তে সুদৃশ্য রেলগেট তৈরি হয়েছিল। সেসময় বাংলাদেশের দিকে সীমান্ত এলাকায় রেলগেট ছিল না। বাংলাদেশের অশান্ত পরিস্থিতির প্রায় দেড় বছর আগেই দুই দেশের মধ্যে রেল পরিষেবা বন্ধ হয়ে যায়। তারপর নতুন করে চিলাহাটি স্টেশনের দিকে নীলফামারির ডোমার উপজেলার ডাঙ্গাপাড়া ভোগডাবুড়ি এলাকায় রেলগেট তৈরি শুরু করেছে বাংলাদেশের রেলমন্ত্রণালয়।

> **নতুন দিগন্ত**
>
> - ৫৭ বছরের বিরতির পর ২০২১ সালে হলদিবাড়ি-চিলাহাটি রুটে শুরু হয়েছিল ট্রেন পরিষেবা।
> - দেড় বছর আগে সেই পরিষেবা ফের বন্ধ হয়ে পড়ে।
> - চিলাহাটি স্টেশনের দিকে নীলফামারির ডোমার উপজেলার ডাঙ্গাপাড়া ভোগডাবুড়ি এলাকায় রেলগেট তৈরি করায় ফের ট্রেন চলাচলের আশা

বিএসএফ সূত্রের খবর, ওই রেলগেট তৈরির সময় ভারতীয় আমিন দিয়ে সীমান্তের দূরত্ব নির্ধারণ করা হয়। সেই অনুযায়ী জিরো পয়েন্ট থেকে ১৫০ মিটার দূরে ওই গেট তৈরির জায়গা নির্ধারিত হয়। নির্মাণ সংস্থার তরফে সলমান আলি জানিয়েছেন, গেটটি তৈরির জন্য বাংলাদেশি প্রায় দেড় কোটি টাকা খরচ হবে। সেজন্য যাবতীয় জিনিসপত্র বিদেশ থেকে আমদানি করা হয়। দু'প্রান্তে সীমান্তরক্ষী থাকার কক্ষ তৈরি করা হয়। এছাড়াও লাইনের ওপর গেট তৈরি করা হয়েছে।

দীর্ঘ বিরতির পর চিলাহাটি স্থলবন্দরটি চালু হওয়ায় ব্যবসা-বাণিজ্যের প্রসারের ক্ষেত্রে আশার আলো দেখেছিল প্রতিবেশী দুই দেশের বাণিজ্য মহল। কিন্তু, অচিরে দুই দেশের বহু মানুষের আশায় কার্যত জল ঢেলে দেয় বাংলাদেশের অশান্ত পরিস্থিতি। বাংলাদেশি নাগরিকদের দাবি, দেশে নির্বাচিত সরকার এলে পুনরায় দুই দেশের মধ্যে ট্রেন চলাচল শুরু হবে। সেই আশায় রেলমন্ত্রকের তরফে সীমান্তে ওই গেট তৈরি করা হচ্ছে।

চ্যাংরাবান্ধার এক্সপোর্টার বাপ্পা ঘোষের কথায়, চিলাহাটি রুটে পণ্যবাহী ট্রেন চালু হওয়ায় ভারত-বাংলাদেশের বিপুল বাণিজ্য সম্ভাবনা তৈরি হয়েছিল। এখন পুনরায় সেই পরিষেবা চালু হলে বাণিজ্য সম্ভাবনা বাস্তবায়িত হবে। আর্থিকভাবে সমৃদ্ধ হবে দুই দেশ।

হলদিবাড়ি স্টেশন মাস্টার সত্যজিৎ তিওয়ারি জানিয়েছেন, আদতে এই রুটের ট্রেন চালু হবে কি না, সে বিষয়ে খবর নেই। কিন্তু, বাংলাদেশের রেলমন্ত্রণালয়ের তরফে সীমান্ত এলাকায় সুদৃশ্য একটি নতুন রেলগেট তৈরি হচ্ছে।

গত বছর অগাস্টে বাংলাদেশে ঘটে যায় রাজনৈতিক পালাবদল। ভেঙে পড়ে ভারত ও বাংলাদেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক। যার প্রভাব এসে পড়েছে দু'দেশের মধ্যে সাংস্কৃতিক ও বাণিজ্যিক সম্পর্কেও। এই পরিস্থিতির জেরে বইমেলা সহ বিভিন্ন বাণিজ্যিক মেলায় আসতে পারছেন না সে দেশের ব্যবসায়ীরা। রাসমেলায়ও একই কারণে এবছর দোকান দিতে পারলেন না তাঁরা। এনিয়ে আলোকপাত করলেন দেবদর্শন চন্দ

## রাসমেলায় থাকছে না বাংলাদেশি স্টল

# ওপারের স্বাদে বঞ্চিত

**কোচবিহার, ১০ অক্টোবর :** গত বছর অগাস্টে বাংলাদেশে রাজনৈতিক পালাবদলের পর থেকেই ভারতের সঙ্গে সে দেশের মধ্যে সম্পর্কে ফাটল ধরেছে। দ্বিপাক্ষিক সম্পর্কে প্রভাব পড়ার পাশাপাশি তিক্ততার রেশ ছড়িয়েছে দু'দেশের মধ্যে সাংস্কৃতিক ও বাণিজ্যিক সম্পর্কেও। যার জেরে চলতি বছরের শুরুতে কলকাতায় আয়োজিত আন্তর্জাতিক বইমেলাতেও রাখা হয়নি 'বাংলাদেশ প্যাভেলিয়ন'। সম্পর্কের অবনতির জেরে ভারতের বিভিন্ন জায়গায় আয়োজিত বাণিজ্যমেলাগুলোতেও ডাক পাচ্ছেন না বাংলাদেশের ব্যবসায়ীরা। একই জিনিসের পুনরাবৃত্তি হল কোচবিহারের ঐতিহ্যবাহী রাসমেলাতেও। গত বছরের মতো এবারও সেখানে থাকছে না বাংলাদেশের স্টল।

অন্যান্য বছর এমজেএন স্টেডিয়ামের একদিকে গোটা এলাকাজুড়ে বসে বাংলাদেশের ৩০-৪০টি দোকান। সেখানে ঢাকাই জামদানি, মসলিন থেকে শুরু করে পদ্মার নোনা ইলিশ, গুড়, টাঙ্গাইলের লুঙ্গি পাওয়া যায়। বাংলাদেশের সঙ্গে সম্পর্কের অবনতির জেরে গতবছরও সেদেশের দোকানগুলো বসতে দেয়নি পুরসভা। এবারেও মেলায় থাকছে না বাংলাদেশের দোকান। পরিবর্তে সেখানে কলকাতা কিংবা স্থানীয় কাপড়ের দোকান, খাবারের দোকান বসবে। বিষয়টি নিয়ে কোচবিহার পুরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষের সাফ কথা, 'যেহেতু বাংলাদেশে এখনও অস্থিরতা রয়েছে, সেকারণে এ বছরও আমরা বাংলাদেশের স্টল দিচ্ছি না। গতবছরের মতো এবারেও বাংলাদেশের কোনও দোকান মেলায় বসবে না। পরিবর্তে সেখানে অন্য দোকান বসবে।'

কোচবিহারের ঐতিহ্যবাহী রাসমেলা দুই শতাধিক বছরের প্রাচীন। ১৮১২ সালে কোচবিহারের মহারাজা হরেন্দ্রনারায়ণের আমলে ভেটাগুড়িতে প্রথম এই মেলা শুরু হয়েছিল। এরপর ধলুয়াবাড়ি হয়ে ১৮৯০ সালে কোচবিহার শহরের বৈরাগীদিঘির ধারে মদনমোহন মন্দির প্রতিষ্ঠিত হবার পর বর্তমান স্থানে মেলা শুরু হয়। মদনমোহনের রাস উৎসবকে কেন্দ্র করে অনুষ্ঠিত এই মেলার কলেবর দিন-দিন বাড়ছে। বর্তমানে কোচবিহার পুরসভা এই মেলা পরিচালনা করে। প্রতিবছর মেলায় রাজ্য ও দেশের বিভিন্ন প্রান্ত ছাড়াও ভুটান, নেপাল থেকে প্রচুর ব্যবসায়ী আসেন। এছাড়াও কাশ্মীর, অসম, উত্তরপ্রদেশ, বিহার, রাজস্থান, কলকাতা সহ দেশের বিভিন্ন প্রান্ত থেকে প্রচুর দোকানদার মেলায় তাঁদের পসরা সাজান। সব মিলিয়ে প্রতিবছর মেলায় তিন থেকে চার হাজার দোকানপাট বসে। প্রতিবারই কোটি কোটি টাকার ব্যবসা হয়।

মেলায় প্রতিবছর বাংলাদেশ থেকে দোকানপাট এলেও গত বছর থেকে তাদের মেলায় বসবার অনুমতি দিচ্ছে না পুরসভা। গতবার কলকাতা বইমেলা এবং কোচবিহার বইমেলাতেও বাংলাদেশি স্টল বসা নিয়ে জটিলতা তৈরি হয়েছিল। একই বিষয় দেখা গিয়েছিল রাসমেলাতেও। গতবছর রাসমেলায় বাংলাদেশের স্টল বসতে না দেওয়ার বিষয়টিকে অবশ্য সাধুবাদ জানিয়েছেন শহরবাসী। এবারেও পুরসভার উদ্যোগকে কুর্নিশ জানিয়েছেন তাঁরা। এবিষয়ে শহরের বাসিন্দা তরুণ মুখোপাধ্যায় বলেন, 'বাংলাদেশের অস্থিরতায় ভারতবিরোধী অনেক কথা সোশ্যাল মিডিয়ায় দেখা গিয়েছে। তাদের বয়কট করে দেশের বিভিন্ন প্রান্তের ব্যবসায়ীদের আনা হোক।'




### সম্পর্কের অবনতি

রাসমেলায় আসছে না বাংলাদেশের স্টল

পরিবর্তে থাকছে স্থানীয় কাপড় ও খাবারের দোকান

মেলায় থাকছে কাশ্মীর, অসম, উত্তরপ্রদেশ, বিহার, রাজস্থান, কলকাতার স্টল

থাকছেন নেপাল, ভুটান থেকে আসা ব্যবসায়ীরাও



কোচবিহারের গুঞ্জবাড়ির পালপাড়ায় জোরকদমে চলছে কালী প্রতিমা গড়ার কাজ। শুক্রবার ছবিটি তুলেছেন জয়দেব দাস।

## ফাঁকা বাড়িতে চুরি

**মাথাভাঙ্গা, ১০ অক্টোবর :** গত বৃহস্পতিবার রাতে ৬ নম্বর ওয়ার্ডের আমলাপাড়া এলাকায় ফের একটি ফাঁকা বাড়িতে চুরি হয়েছে। জানা গিয়েছে, ওই বাড়ির মালিক সোমনাথ সাহা পরিবার নিয়ে চারদিনের জন্য বৃন্দাবনে ঘুরতে গিয়েছিলেন। বাড়ি তালাবন্ধ অবস্থায় ছিল। বৃহস্পতিবার বাড়ি ফিরে তিনি দেখেন প্রধান দরজা ভাঙা। ঘরের আলমারি ভেঙে চুরি হয়েছে, নগদ ২৫ হাজার টাকা ও প্রায় দুই ভরি সোনার গয়না। এরপর দিশেহারা অবস্থায় মাথাভাঙ্গা থানার দ্বারস্থ হন সোমনাথ। আশপাশের এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে দুষ্কৃতীদের সন্ধান চালাচ্ছে পুলিশ।

পুরসভার চেয়ারম্যান লক্ষপতি প্রামাণিকের নিজের ওয়ার্ডে এই চুরির ঘটনায় তিনি বলেন, 'শহরে চুরির ঘটনা ক্রমশ বাড়ছে। পুলিশ-প্রশাসনের সঙ্গে আলোচনা করে দ্রুত ব্যবস্থা নেব।' মাথাভাঙ্গা শহরে চুরি যেন নিত্যদিনের আতঙ্কে পরিণত হয়েছে। এলাকাবাসীর অভিযোগ, লাগাতার চুরির ঘটনা ঘটলেও পুলিশ সক্রিয় নয়। অবিলম্বে রাতে পুলিশি টহলদারির দাবি জানাচ্ছেন তাঁরা।

## বাজিমেলার উদ্বোধন

**কোচবিহার, ১০ অক্টোবর :** পুরসভা পরিচালিত বাজিমেলার আনুষ্ঠানিক উদ্বোধন হল কোচবিহারে। শুক্রবার সন্ধ্যায় কোচবিহারের ঐতিহ্যবাহী রাসমেলার মাঠে বাজিমেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ। এদিন পুরসভার বিভিন্ন কাউন্সিলারদের পাশাপাশি উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের চেয়ারম্যান পার্থপ্রতিম রায়, কোচবিহার জেলা ব্যবসায়ী সমিতির সম্পাদক সুরজ ঘোষ সহ অন্যরা উপস্থিত ছিলেন।

এই অনুষ্ঠানে সারা বাংলা আতশবাজি উন্নয়ন সমিতির কোচবিহার জেলা সভাপতি সুকুমার দে বলেন, 'এবারের বাজিমেলায় আমাদের ৩৮টি দোকান বসেছে। মেলায় ২৩ অক্টোবর পর্যন্ত আমাদের দোকান থাকবে। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত মেলায় বাজির দোকান খোলা থাকবে। কোনও প্রাকৃতিক বিপর্যয় না হলে আশা করছি গতবারের মতো এবারও মেলায় আমাদের কেনাবেচা ভালোই হবে।'

# চিকিৎসকদের আবাসন বেহাল


শুভ্রজিৎ বিশ্বাস

**মেখলিগঞ্জ, ১০ অক্টোবর :** বেশিরভাগ ঘরের ছাদের পলেস্তারা খসে পড়েছে। ভিতর থেকে লোহার রড উঁকি মারছে। ঘরগুলির বেশ জীর্ণ অবস্থা। মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালের চিকিৎসকদের আবাসন এমনই অব্যবস্থায় ভুগছে। সমস্যার এখানেই শেষ নয়। এই হাসপাতালের বহির্বিভাগের টিকিট কাউন্টার থেকে কিছুটা দূরে একটা পরিত্যক্ত ভবন রয়েছে। চিকিৎসকরা আগে এই ভবনে থাকতেন। পাশাপাশি, এই ভবনটিকে অ্যাম্বুল্যান্স রাখার কাজেও ব্যবহার করা হত। তিন দশক আগে তৈরি সেই ভবনটির এক দশকেরও বেশি সময় ধরে বেহাল অবস্থা। হাসপাতালের ভেতরে টোটোর প্রবেশ নিষিদ্ধ হলেও কিছু কিছু চালক রোগী নিয়ে এসে এই ভবনের নীচে রেখে বিশ্রাম করেন। এর জেরে বিপদের আশঙ্কা বাড়ছে। বুধবার ওই ভবনের ইট সহ প্লাস্টার খসে পড়ে এক নার্সের গাড়ি ক্ষতিগ্রস্ত হয়। বর্তমানে কর্তৃপক্ষ এলাকাটিকে তার দিয়ে ঘিরে রেখেছে। চিকিৎসকদের কিছুটা পথ ঘুরে আবাসনে যাতায়াত করতে হচ্ছে।

মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালের সুপার তাপস দাস বলেন, 'চিকিৎসকদের আবাসনটি সংস্কারের বিষয়ে পূর্ত দপ্তরকে জানানো হয়েছে।' পূর্ত দপ্তরের তিস্তা ব্রিজ কনস্ট্রাকশনের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার সামাদ আলির আশ্বাস, 'চিকিৎসকদের আবাসনটি সংস্কারের বিষয়ে দ্রুত পদক্ষেপ করা হবে। আর বেহাল পুরোনো ভবনটি ভাঙার বিষয়ে হাসপাতাল কর্তৃপক্ষ আমাদের চিঠি দিলে তা করার প্রক্রিয়া শুরু করা যাবে।' হাসপাতালটি মেখলিগঞ্জ পুরসভার ১ নম্বর ওয়ার্ডে রয়েছে। মেখলিগঞ্জ শহর, ব্লকের আটটি গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দাদের পাশাপাশি হলদিবাড়ি পুরসভা, হলদিবাড়ি ব্লকের ছয়টি গ্রাম পঞ্চায়েত এবং পার্শ্ববর্তী এলাকার বিপুল সংখ্যক মানুষ এই হাসপাতালের ওপর নির্ভর করে। তবে এখানে চিকিৎসকদের আবাসনটিকে কেন্দ্র করে আতঙ্ক বাড়ছে। বর্তমানে এই আবাসনে ছয়জন চিকিৎসক থাকেন। আবাসনটির বেহাল দশায় তাঁদের মধ্যে আতঙ্ক বাড়ছে।

মেখলিগঞ্জের বাসিন্দা মানস কর বললেন, 'দ্রুত চিকিৎসকদের আবাসনটি ভেঙে ফেলে তাঁদের জন্য নতুন আবাসনের ব্যবস্থা করা উচিত। পাশাপাশি, জীর্ণ আবাসনটির বিষয়েও সদর্থক কোনও ব্যবস্থা নিলে ভালো হয়।' অজয় বর্মনের বক্তব্যেও একই সুর। বিষয়টি গুরুত্ব সহকারে দেখা হবে বলে মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালের রোগীকল্যাণ সমিতির চেয়ারম্যান পরেশচন্দ্র অধিকারী আশ্বাস দিয়েছেন।

### মেখলিগঞ্জ মহকুমা হাসপাতাল



## জরুরি তথ্য

### ব্লাড ব্যাংক

(শুক্রবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

**এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ৮ |
| এ নেগেটিভ | ২ |
| বি পজিটিভ | ৪ |
| বি নেগেটিভ | ৪ |
| এবি পজিটিভ | ২ |
| এবি নেগেটিভ | ২ |
| ও পজিটিভ | ১ |
| ও নেগেটিভ | ২ |

**মাথাভাঙ্গা মহকুমা হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ২ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ৭ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ৪ |
| এবি পজিটিভ | ০ |
| ও পজিটিভ | ২৮ |

**দিনহাটা মহকুমা হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ৩ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ১৫ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ১১ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ৪৬ |

## পাড়ায় পাড়ায়



### আগাছায় ভরেছে মাঠ

#### মাথাভাঙ্গা

**মাথাভাঙ্গা, ১০ অক্টোবর :** শহরের ৫ নম্বর ওয়ার্ডে অবস্থিত মাঠটি একসময় সাংসদ ও বিধায়কদের অর্থানুকূল্যে তারজালির ফেন্সিং ও গ্যালারি পেয়েছিল। কিন্তু আজ সেই মাঠের পরিকাঠামো অবহেলায় ধুঁকছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, দীর্ঘদিন ধরে মাঠের সঠিক রক্ষণাবেক্ষণ না হওয়ায় দর্শক আসনের সামনের অংশে ঝোপঝাড় ও আগাছা ছেয়ে গিয়েছে। শুধু তাই নয়, ফেন্সিংয়ের বেশ কয়েকটি অংশে ক্ষয়ও দেখা দিয়েছে। নজরদারির অভাবে ধীরে ধীরে মাঠটি হারিয়ে ফেলছে তার পুরোনো চেহারা।

শহরের বাসিন্দা সৈকত পাল ক্ষোভ প্রকাশ করে বলেন, 'গ্যালারির সামনের অংশে যে পরিমাণ আগাছা ও ঝোপঝাড় জন্মেছে তা কর্তৃপক্ষের চোখে পড়ছে না, এটাই অবাক করে।' এই মাঠটির রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার দায়িত্বে রয়েছে মাথাভাঙ্গা মহকুমা ক্রীড়া সংস্থা। এই পরিস্থিতিতে স্বাভাবিকভাবেই সংস্থার ভূমিকা নিয়ে প্রশ্ন তুলছেন অনেকেই। এ বিষয়ে সংস্থার সচিব পরেশ অধিকারী বলেন, 'বিষয়টি আমাদের নজরে এসেছে। শীঘ্রই মাঠের আগাছা ও ঝোপঝাড় পরিষ্কার করা হবে। মাঠের আগের মর্যাদা ফিরিয়ে আনতে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।'

### রাস্তা দখল করে ট্রান্সফর্মার

#### হলদিবাড়ি

**হলদিবাড়ি, ১০ অক্টোবর :** রাস্তার একাংশ দখল করে রয়েছে বিদ্যুতের ট্রান্সফর্মার। এতে পথটি সংকীর্ণ হয়ে যাওয়ায় মাঝেমধ্যে দুর্ঘটনার কবলে পড়ছেন ছোট-বড় যানবাহন। ঘটনাটি হলদিবাড়ি পুরসভার ৭ নম্বর ওয়ার্ডে জেবিসি মোড়ের। এলাকার পাঁচ মাথা মোড়ে রাস্তার একাংশ দখল করে রয়েছে ওই ট্রান্সফর্মার। গুরুত্বপূর্ণ এই মোড়ের রাস্তায় এমন ট্রান্সফর্মার থাকায় ক্ষুব্ধ এলাকার বাসিন্দারা। রাস্তার মাঝ থেকে তা সরানোর দাবি জানিয়েছেন তাঁরা। স্থানীয় দেবারু মহম্মদ বলেন, 'জেবিসি মোড় দিয়ে অহরহ অ্যাম্বুল্যান্স ও দমকলের মতো গাড়ি চলাচল করে। বিডিও অফিস থাকায় প্রশাসনের গাড়ি এই রাস্তায় চলে। মোড়ের পাশেই রয়েছে একটি শিশুদের নাসারি স্কুল। তাই স্কুল টাইমে ওই জায়গায় অভিভাবকরা ভিড় করেন।' এমন গুরুত্বপূর্ণ জায়গা থেকে বিদ্যুতের ট্রান্সফর্মারটি সরানোর দাবি তোলেন তিনি। পুরসভার চেয়ারম্যান শংকরকুমার দাস জানান, 'বিষয়টি নিয়ে ইতিমধ্যে বিদ্যুৎ দপ্তরের সঙ্গে কথা হয়েছে।'



তথ্য ও ছবি: বিশ্বজিৎ সাহা ও অমিতকুমার রায়।

## প্রয়াণ

**কোচবিহার, ১০ অক্টোবর :** জেলা ক্রীড়া সংস্থার প্রাক্তন সহ সভাপতি তথা উত্তরবঙ্গের বিশিষ্ট আম্পায়ার দিলীপকুমার রায় প্রয়াত হলেন। শুক্রবার সকালে কোচবিহারের একটি বেসরকারি হাসপাতালে তিনি শেষনিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯২ বছর। মৃত্যুকালে স্ত্রী ও এক কন্যাকে রেখে যান তিনি। জেলা ক্রীড়া সংস্থার সচিব সুব্রত দত্ত বলেন, 'বয়সজনিত কারণে দীর্ঘ রোগভোগের পর খেলার মাঠকে ফাঁকি দিয়ে তিনি পরলোকে পাড়ি দিয়েছেন। ওঁর বিদেহী আত্মার শান্তি কামনা করি। শনিবার সারাদিন আমাদের পতাকা অর্ধনমিত থাকবে।'

# গ্যালারি সাজানো, দুর্দশা মাঠে

প্রসেনজিৎ সাহা

**দিনহাটা, ১০ অক্টোবর :** উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের আর্থিক সহায়তায় ২ কোটি ৮০ লক্ষ টাকা ব্যয়ে তৈরি হয়েছে চারটি গ্যালারি ব্লক, অথচ দিনহাটা সংহতি ময়দানের বেহাল দশা। মাঠজুড়ে বড় বড় গর্ত। মাঠের চারদিকে যেখানে-সেখানে আবর্জনা পড়ে থাকে। সামান্য বৃষ্টিতে মাঠে জল জমে যায়। নেই সীমানা প্রাচীর। ফলে বড় ধরনের টুর্নামেন্ট পরিচালনা করতে বিপাকে পড়তে হতে পারে বলে আশঙ্কা। উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ বলেন, 'কিছুদিনের মধ্যে মাঠে মাটি ফেলার কাজ শুরু হবে।' শুক্রবার সংহতি ময়দানে গিয়ে দেখা গেল অতিরিক্ত মাটি দিয়ে গর্ত ভরাট করা হচ্ছে। শুধু তাই নয়, আবর্জনাও সরিয়ে ফেলা হচ্ছে। তবে মাটি ফেলে গোটা মাঠ উঁচু করার প্রয়োজন হলেও তা হচ্ছে না। অভিযোগ, বৃষ্টি হলে দিনহাটা সংহতি ময়দান ডোবায় পরিণত হয়। যদিও দিনহাটা পুরসভার ভাইস চেয়ারম্যান সাবির সাহা চৌধুরী বলেন, 'মন্ত্রী আশ্বাস দিয়েছেন শীঘ্রই মাঠের পরিকাঠামো উন্নতির কাজ শুরু হবে।'


পুজোর আগে মাঠের পূর্ব ও দক্ষিণ দিকে চারটি গ্যালারি ব্লক উদ্বোধন করেন উদয়ন। সেগুলোর নামকরণ করা হয় চার ফুটবল খেলোয়াড় প্রয়াত পুনু বসু, মানু পাল, বাপি মিত্র ও ভোম্বল চক্রবর্তীর নামে। দর্শকদের আর দাঁড়িয়ে থেকে খেলা দেখতে না হলেও মাঠের অবস্থার কোনও উন্নতি হয়নি বলে অভিযোগ। আগামী ১৫ অক্টোবর থেকে ওই মাঠে শুরু হবে এমএলএ কাপ। যদিও বৃষ্টির কথা মাথায় রেখে নতুন করে সূচি করতে হয়েছে আয়োজকদের।

গ্যালারি তৈরির নিয়ে ক্রীড়াবিদ চন্দন সেনগুপ্ত বলেন, 'গ্যালারি ব্লক হয়েছে, এবার মাঠের সংস্কার ও উন্নয়ন প্রয়োজন।' সাব-ডিভিশনাল স্পোর্টস অ্যাসোসিয়েশনের সম্পাদক সুদীপ্ত ঘোষের কথায়, 'মাঠ সংস্কার হলে যে কোনও বড় টুর্নামেন্ট পরিচালনায় সুবিধা হয়।'



সংহতি ময়দানের সংস্কার চলছে। -সংবাদচিত্র


রংদার রোববার



স্বপ্ন

ঘুমচোখে আমরা যা দেখি তাই স্বপ্ন। জীবনের বাকি যা কিছু ইন্দ্রিয়গ্রাহ্য, সবই বাস্তব। তবুও আমরা স্বপ্ন দেখতে ভালোবাসি। সে সবের অনেক কিছু পূরণ হবে না জেনেও। এমনকি স্বপ্নভঙ্গ হলেও মন বাধা মানতে নারাজ। সব বাধা কেটে যাবে বলেই বিশ্বাসে ভর রাখি।

প্রচ্ছদ কাহিনী জয়দীপ সরকার, সুমন গোস্বামী ও অপরাজিতা কুণ্ডু

ছোটগল্প গৌতম বন্দ্যোপাধ্যায়

ট্রাভেল ব্লগ অশোক ভট্টাচার্য

কবিতা সমীর চট্টোপাধ্যায়, আশিস চক্রবর্তী, পার্থসারথি মহাপাত্র, আভা সরকার মণ্ডল, রবীন্দ্রনাথ রায়, প্রদীপ কুমার দাস ও বিশ্বজিৎ মজুমদার

